

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

খুলনা-৯২০৩

বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২১ ফেব্রুয়ারী, ২০১৮ রোজ বুধবার “মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” যথাযোগ্য মর্যাদায় পালন করার লক্ষ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে।


উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ের খেলার মাঠের পূর্ব-দক্ষিণ কোণে এবং বিশ্ববিদ্যালয়ের লেকের দক্ষিণ প্রান্তে অত্র বিশ্ববিদ্যালয়ের নতুন “শহীদ মিনার” এর নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে। তাই এবার একুশে প্রথম প্রহরে প্রায় সম্পন্ন নতুন “শহীদ মিনার” এ পুষ্পমাল্য অর্পণের মাধ্যমে শ্রদ্ধা জানানো হবে।

“মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” উপলক্ষ্যে অনুষ্ঠান সূচী

তারিখ ও বার	সময়	অনুষ্ঠানসূচী	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
২০/০২/২০১৮ ইং মঙ্গলবার	রাত ১০-০০ মি: থেকে	আলোচনা সভা ও “মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস” এর সাথে সজ্ঞতিপূর্ণ রেখে সাংস্কৃতিক অনুষ্ঠান।	পরিচালক (ছাত্র কল্যাণ) এর দপ্তর
	রাত ১১-৩০ মি:	স্থান: নতুন “শহীদ মিনার” প্রাঙ্গণ	
	রাত ১১-৩০ মি:	একুশের প্রথম প্রহরে বিশ্ববিদ্যালয়ের “শহীদ মিনারে” শ্রদ্ধা জানানোর লক্ষ্যে নতুন “শহীদ মিনারে” এর সামনে জমায়েত	
	দিবাগত রাত ১২-০১ মি:	বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর, শিক্ষক, কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষার্থীগণ কর্তৃক “শহীদ মিনারে” পুষ্পমাল্য অর্পণ	
২১/০২/২০১৮ ইং বুধবার	সূর্যোদয়ের সাথে সাথে	পতাকা উত্তোলন (জাতীয় পতাকা অর্ধনমিত ও কালো পতাকা উত্তোলন)	সকল হল কর্তৃপক্ষ ও নিরাপত্তা শাখা
	সকাল ৯-০০ মি:	শিশুদের চিত্রাংকন প্রতিযোগিতা (শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দের সন্তান) স্থান: স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টার	বিশ্ববিদ্যালয়ের প্রশাসন
	আসর বাদ	মহান ভাষা শহীদদের রুহের মাগফেরাত ও দেশের শান্তি, কল্যাণ কামনা করে দোয়া মাহফিল স্থান: বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় জামে মসজিদ	মসজিদ কমিটি

উক্ত অনুষ্ঠানে উপস্থিত থেকে অনুষ্ঠানগুলোকে সাফল্যমন্ডিত করার জন্য সকলকে অনুরোধ করা হলো।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের নির্দেশক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হলো।



(জি, এম, শাহিদুল আলম)
রেজিস্ট্রার

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

স্মারক নং- খুপ্রবি/ ২০১৮/১০ তারিখ: ১৫/০২/১৮

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ১। সকল ডীন, ইনস্টিটিউট পরিচালক, বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। (উপরোক্ত অনুষ্ঠানসূচী তাঁর অধীনে সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীবৃন্দের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ২। পরিচালক (ছাত্র কল্যাণ), অত্র বিশ্ববিদ্যালয়। (তাঁর দপ্তরের উপর অর্পিত অনুষ্ঠানগুলো সুসম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৩। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল হল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি সকল শিক্ষার্থীদের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৫। সকল দপ্তর/শাখা প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়। (বিজ্ঞপ্তিটি তাঁর অধীনে সকল কর্মকর্তা/কর্মচারীগণের মধ্যে প্রচারের অনুরোধসহ)
- ৬। প্রধান প্রকৌশলী, অত্র বিশ্ববিদ্যালয়। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৭। সভাপতি, মসজিদ কমিটি, অত্র বিশ্ববিদ্যালয়। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ৮। সহকারী রেজিস্ট্রার (ডেসপাস, রিসিভিং এন্ড রেকর্ড সেকশন), অত্র বিশ্ববিদ্যালয়। (ই-মেইলের মাধ্যমেও প্রেরণের অনুরোধসহ)
- ৯। পিএস টু ভিসি, অত্র বিশ্ববিদ্যালয়। (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের গোচরে আনার অনুরোধসহ)
- ১০। নিরাপত্তা শাখা, অত্র বিশ্ববিদ্যালয়। (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১১। জনসংযোগ ও তথ্য শাখা, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১২। আইটি সেল, অত্র বিশ্ববিদ্যালয়। (ওয়েবসাইটে দ্রুত প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ১৩। সকল নোটিশ বোর্ড, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১৪। সংরক্ষণ নথি।


(মোঃ আব্দুর রহমান)
সহকারী রেজিস্ট্রার